৫

দৈনিক সংবাদ

তারিখ DEC. 12 1999
পৃষ্ঠা 22 কলাম ৬

### নিষেধাজ্ঞা অমান্য করে রা.বি. ক্যাম্পাসে মিছিল

# মেয়রের নেতৃত্বে পুলিশের কাছ থেকে ছয় আসামিকে ছিনিয়ে নেয়া হয়েছে

রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে সংবাদদাতা ঃ বিরোধী চারদলীয় লিয়াজোঁ কমিটির নামে গতকাল বিকেলে নিষেধাজ্ঞা ভঙ্গ করে রাজশাহী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মিছিল ও সমাবেশ করা হয়েছে।

পুলিশ বলেছে, রাজশাহী সিটি কর্পোরেশনের মেয়র ও বিএনপির কেন্দ্রীয় নেতা মিজানুর রহমান মিনুর নেতৃত্বে ছাত্র শিবিরের সন্ত্রাসী-ক্যাডারদের নিয়ে লিয়াজোঁ কমিটির নামে মিছিল ও সমাবেশ করা হয়। সমাবেশের পর বিভিন্ন সন্ত্রাসী মামলার আসামি ছাত্র শিবিরের ১২ জন ক্যাডারকে পুলিশ গ্রেফতার করে; কিন্তু মিনুর নেতৃত্বে পুলিশের কাছ থেকে ৬ জন ক্যাডারকে ছিনিয়ে নেয়া হয়। এরপর পুলিশের সাথে সংঘর্ষ হয়। তবে হতাহতের খবর পাওয়া যায়নি।

পুলিশ ও প্রত্যক্ষদর্শীরা জানায়, বিকেলে বিশ্ববিদ্যালয় স্টেশন চত্বরে চারদলীয় লিয়াজোঁ কমিটির সভা শুরু হয়। সভায় মেয়র মিজানুর রহমান মিনু, এডভোকেট খোরশেদ আলম, জামাত নেতা আতাউর রহমানসহ ৬০/৭০ জন শিবির ক্যাডার উপস্থিত ছিল। সভাশেষে মিনুর নেতৃত্বে শিবির সন্ত্রাসীরা বিনোদপুরের দিকে যাচ্ছিল। এ সময় পুলিশ বিশ্ববিদ্যালয় সুইমিং পুলের সামনে মিনুর গতিরোধ করে জানায়, 'এখানে বিভিন্ন সন্ত্রাসী মামলার আসামি রয়েছে, আমরা তাদের গ্রেফতার করবো।' এতে মিনু বলেন, কাউকে ধরা যাবে না, এরা আমার সাথে রয়েছে। এ সময় শিবির ক্যাডাররা 'নারায়ে তকবির' শ্লোগান দিয়ে পুলিশের উপর তেড়ে গেলে সংঘর্ষ বাধে। এখানে পুলিশ ১২ ক্যাডারকে ধরে; কিন্তু মিনুর নেতৃত্বে সন্ত্রাসীরা পুলিশের কাছ থেকে ৬ জনকে ছিনিয়ে নেয়।

পরে মেয়র সুইমিং পুলের সামনে সড়কে বসে ইফতারি ও নামাজ আদায় করেন। শেষে শিবির ক্যাডাররা মিছিল করে ক্যাম্পাসে আজ ধর্মঘটের ঘোষণা দেয়।

বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে কর্তৃপক্ষ সকল প্রকার রাজনৈতিক কর্মকাণ্ডের উপর নিষেধাজ্ঞা গত মাসের ২০ তারিখ থেকে এক মাসের জন্য আরোপ করেন; যা এখনও বলবত রয়েছে।

ক্যাম্পাসে মেয়রের নেতৃত্বে শিবির ক্যাডারদের মিছিল ও সমাবেশের ঘটনায় খোদ ছাত্রদল নেতা-কর্মীদের মধ্যেই ক্ষোভের সৃষ্টি হয়েছে।

এদিকে, গতকালকের এ ঘটনায় বিশ্ববিদ্যালয় প্রশাসনের একটি জরুরি সভা উপাচার্য ভবন লাউঞ্জে এ রিপোর্ট লেখার সময় পর্যন্ত চলছিল। বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ডঃ আবদুল মোত্তালেব 'সংবাদ'কে জানান, ক্যাম্পাসে নিষেধাজ্ঞা ভঙ্গ করে মেয়র মিছিল ও সমাবেশ করেছেন।